# রাষ্ট্রপতির আগে-পরে অপরাধের বিচার সম্ভব: প্রধানমন্ত্রীর উপদেষ্টা



প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমান। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতির দায়িত্ব পালনকালে নেওয়া কোনো সিদ্ধান্ত বা কর্মকাণ্ডের জন্য তার বিরুদ্ধে আইনগত পদক্ষেপ নেওয়ার সুযোগ নেই। তবে রাষ্ট্রপতি হওয়ার আগে কিংবা দায়িত্ব শেষ হওয়ার পর সংঘটিত অপরাধের ক্ষেত্রে আইনি ব্যবস্থা নেওয়া যেতে পারে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান।

মঙ্গলবার (২৮ জুলাই) সকালে সচিবালয়ে সরকারের বিভিন্ন কার্যক্রম নিয়ে আয়োজিত নিয়মিত ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন।

৩২ জন যুগ্ম সচিবকে বাধ্যতামূলক অবসরে পাঠানোর বিষয়ে উপদেষ্টা বলেন, প্রচলিত আইন ও বিধিমালা অনুসরণ করেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সরকারি চাকরিতে ২৫ বছর পূর্ণ হলে নির্দিষ্ট বিধানের আওতায় কোনো কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানোর ক্ষমতা সরকারের রয়েছে।

২০১৮ সালের জাতীয় নির্বাচন প্রসঙ্গে জাহেদ উর রহমান বলেন, ওই নির্বাচনে দেশের ইতিহাসে বড় ধরনের অনিয়ম ও অপরাধ সংঘটিত হয়েছে। এ বিষয়ে তদন্ত হওয়া প্রয়োজন। একই সঙ্গে শাপলা চত্বর হত্যাকাণ্ডের বিচার কার্যক্রমে সরকার কোনো ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না বলেও জানান তিনি।

বাংলাদেশের ব্রিকসে যোগদানের বিষয়ে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি বলেও জানান উপদেষ্টা। তার ভাষ্য, বাংলাদেশকে বর্তমানে ব্রিকসের পর্যবেক্ষক হিসেবে আমন্ত্রণ জানানো হয়েছে। আসন্ন ব্রিকস শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী অংশ নেবেন কি না, সে সিদ্ধান্তও এখনও নেওয়া হয়নি।

এদিকে কক্সবাজারকে পৌরসভা থেকে সিটি করপোরেশনে উন্নীত করার উদ্যোগ নেওয়া হয়েছে। পর্যটননগরীটির উন্নয়নের অংশ হিসেবে এ সংক্রান্ত প্রক্রিয়া শুরু হয়েছে বলে ব্রিফিংয়ে জানান প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা।